

মান্বিমিডিয়া শ্রেণিকক্ষ পাচ্ছে সব প্রাথমিক বিদ্যালয়

যায়যায়দিন রিপোর্ট

দেশের সব সরকারি প্রাথমিক বিদ্যালয়কে ২০১৫ সালের মধ্যেই মান্বিমিডিয়া শ্রেণিকক্ষের আওতায় আনবে সরকার। এজন্য প্রতিটি বিদ্যালয়ের একজন করে শিক্ষককে প্রশিক্ষণ দিয়ে একটি করে ল্যাপটপ ও মান্বিমিডিয়া প্রজেক্টর সরবরাহ করা হবে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. মোতাহার হোসেন।

সোমবার তিনি জানান, চলতি বছরের জুনের মধ্যে প্রতি উপজেলার দুটি বিদ্যালয়ে ল্যাপটপ ও প্রজেক্টর সরবরাহ করা হচ্ছে। এজন্য ওইসব বিদ্যালয়দের এক হাজার শিক্ষককে

ইতোমধ্যে প্রশিক্ষণ দেয়া হয়েছে। যেসব বিদ্যালয়ে বিদ্যুৎ নেই তাদেরকে সোলার প্যানেল সরবরাহ করা হয়েছে। আগামী বছর আরো ১০ হাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ল্যাপটপ ও প্রজেক্টর দেয়া হবে। ২০১৫ সালের মধ্যে দেশের সব সরকারি প্রাথমিক বিদ্যালয় মান্বিমিডিয়া শ্রেণিকক্ষের আওতায় আসবে।

শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দেশের ২০ হাজার ৫০০ মাধ্যমিক বিদ্যালয়ে মান্বিমিডিয়া শ্রেণিকক্ষ করা হয়েছে। মোতাহার বলেন, সব উপজেলা রিসোর্স সেন্টারে (ইউআরসি) ডেরটপ কম্পিউটার, ল্যাপটপ ও মান্বিমিডিয়া

প্রজেক্টর দেয়া হয়েছে। সেখানেই শিক্ষকদের প্রশিক্ষণ দেয়া হচ্ছে।

এছাড়া প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটের (পিটিআই) মাধ্যমেও শিক্ষকদের মান্বিমিডিয়াসহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেয়া হচ্ছে বলে জানান তিনি।

বর্তমানে দেশে ৩৭ হাজার ৬৭২টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। গত ৯ জানুয়ারি প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের ২৬ হাজার ১৯০টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের ঘোষণা দেন। এর ফলে দেশে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা

দাঁড়াবে ৬৩ হাজার ৮৬৫টি। প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী, চলতি বছরের জুনের মধ্যে ২২ হাজার ৯৮১টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়কে জাতীয়করণ করা হবে। আর ২০১৫ সালের মধ্যে বাকি বিদ্যালয়গুলো জাতীয়করণের আওতায় আসবে।

নিয়োগ পাচ্ছে ৪৮ হাজার শিক্ষক : সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণির জন্য ১৫ হাজার শিক্ষক নিয়োগ প্রতিশ্রুত। আরে উল্লেখ করে মোতাহার বলেন, এই শ্রেণির জন্য আগামী বছর আরো ১৫ হাজার শিক্ষক নিয়োগ দেয়া হবে।

সব উপজেলা রিসোর্স সেন্টারে শিক্ষকদের প্রশিক্ষণ দেয়া হচ্ছে